



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১



ঋণওঅবি-১ সার্কুলার নং-০৫/২০২১

তারিখঃ ০২.০৬.২০২১

বিষয়ঃ স্বল্প মেয়াদী কৃষি ঋণ পুনঃতফসিলিকরণ।

বিশ্বের অন্যান্য দেশের ন্যায় ২০২০ সাল হতে বাংলাদেশেও কোভিড-১৯ এর প্রাদুর্ভাব দেখা দেয়ায় দেশের অন্যান্য খাতের ন্যায় কৃষি খাতের উৎপাদন ও বিপণন কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। এর ফলে কৃষকদের পক্ষে তাদের গৃহীত ব্যাংক ঋণ নিয়মিতভাবে পরিশোধ করা সম্ভব হচ্ছে না। কৃষি ঋণ খেলাপি ঋণে পরিণত হলে কৃষি খাতে নতুন অর্থায়ন বিঘ্নিত হয়ে কৃষি উৎপাদন ব্যাহত হতে পারে। এর ফলে জিডিপি প্রবৃদ্ধিতেও নেতিবাচক প্রভাব পড়ার আশংকা রয়েছে।

০২। সার্বিক বিবেচনায় কৃষি খাতে খেলাপী ঋণ হ্রাস ও নিরবচ্ছিন্ন ঋণ সরবরাহ নিশ্চিত করে কৃষি উৎপাদন বৃদ্ধিকল্পে স্বল্প মেয়াদী কৃষি ঋণ পুনঃতফসিলের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ০১.০৬.২০২১ তারিখে বিআরপিডি সার্কুলার নং-১০ জারী করা হয়। উল্লিখিত সার্কুলার মোতাবেক স্বল্প মেয়াদী কৃষি ঋণ পুনঃতফসিলের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে:

- ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ডাউন পেমেন্ট গ্রহণের শর্ত শিথিল করে স্বল্প মেয়াদী কৃষি ঋণ পুনঃতফসিলের তারিখ হতে সর্বোচ্চ ২ (দুই) বছর মেয়াদে পুনঃতফসিল করা যাবে। ক্ষেত্র বিশেষে বিনা ডাউন পেমেন্টেও এ ধরনের ঋণ পুনঃতফসিল করা যাবে;
- ঋণ পুনঃতফসিলের পর কৃষকদেরকে পুনরায় নতুন করে স্বল্প মেয়াদী কৃষি ঋণ প্রদান করা যাবে। এক্ষেত্রে কোন নতুন জমা ব্যতিরেকেই পুনঃতফসিল পরবর্তী নতুন ঋণ সুবিধা প্রদান করা যাবে;
- সার্টিফিকেট মামলা চলাকালীন সময়ে গ্রাহকের সাথে সমঝোতা (সোলেনামা) এর মাধ্যমে সার্টিফিকেট মামলা উত্তোলন/নিষ্পত্তিপূর্বক ঋণ পুনঃতফসিল করা যাবে; এবং
- ইতোপূর্বে পুনঃতফসিলকৃত স্বল্প মেয়াদী কৃষি ঋণের ক্ষেত্রেও উল্লিখিত সুবিধাদি প্রযোজ্য হবে।

০৩। উল্লিখিত নির্দেশনা ব্যতীত বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নম্বর-১৫/২০১২ ও বিআরপিডি সার্কুলার নম্বর-০৬/২০১৩ এর অন্যান্য নির্দেশনা এবং ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর ০৯.১০.২০১২ তারিখের সার্কুলার নং-০৫/২০১২ ও ০৩.০৬.২০১৩ তারিখের সার্কুলার লেটার নং-০২/২০১৩ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং ৩১ মার্চ ২০২২ পর্যন্ত বলবৎ থাকবে।

০৪। এ বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে সরাসরি ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

(শওকত শহীদুল ইসলাম)

সহকারী মহাব্যবস্থাপক

(বিভাগীয় দায়িত্বে)

সূত্র নং- প্রকা/ঋণওঅবি-১/২৩৭/২০২০-২০২১/১১০৯ (৪৫৪)

তারিখ : ০২.০৬.২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব, বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ০৯। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
- ১১। সহকারী মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ১২। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৩। অফিস নথি/মহানথি।

(মোঃ হালিম উদ্দীন)

উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা